# তৃতীয় অধ্যায়: আত্মকর্মসংস্থান

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ▶ ১** জাহিদ ও জাদু দুই বন্ধু। জাহিদ চাকরি পেলেও জাদু চেষ্টা করেও ভালো কোনো চাকরি জোগাড় করতে পারেনি। কিন্তু সে হতাশ না হয়ে প্লাস্টিক শিল্পের ব্যাপক সম্ভাবনার কথা চিন্তা করে এ শিল্পের বিভিন্ন পণ্য তৈরির কারখানা স্থাপন করে। উক্ত পণ্যের চাহিদা, মানসম্মত পণ্য ও দাম সুলভ হওয়ায় কম সময়ের মধ্যেই বাজারে সুনাম অর্জন করে। কয়েক বছরের কঠোর পরিশ্রমের ফলস্বরূপ জাদু বর্তমানে আরও দুইটি কারখানার মালিক। ◀ *শিখনফল-১ ও ৩*

ক. আত্মকর্মসংস্থানের সবচেয়ে বড় মূলধন কোনটি? ১

খ. নট্রামস কী? ব্যাখ্যা করো। ২

গ. জাহিদের কর্মসংস্থানের ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. "দেশের অর্থনীতির ভিত মজবুতকরণে জাহিদ নয়, জাদুই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে"— বিশ্লেষণ করো। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** আত্মকর্মসংস্থানের সবচেয়ে বড় মূলধন হলো নিজের দক্ষতা।

**খ** নট্রামস হলো আত্মকর্মসংস্থানমূলক কাজে প্রশিক্ষণ দেওয়ার একটি প্রতিষ্ঠান।

এটি শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত হয়। বিভিন্ন ধরনের কম্পিউটার চালনা ও কম্পিউটার প্রোগ্রামিংয়ের শিক্ষা দেওয়াই এ প্রতিষ্ঠানের প্রধান কাজ। নট্রামস থেকে প্রশিক্ষণ নিয়ে অনেক শিক্ষিত বেকার যুবক-যুবতী আত্মকর্মসংস্থানের সুযোগ পেয়েছে।

**গ** জাহিদের কর্মসংস্থানের ধরন হলো চাকরি।

মজুরি বা বেতনভিত্তিক কর্মসংস্থানের ব্যবস্থা হলো চাকরি। শিক্ষিত ও অল্প শিক্ষিত সকলেই চাকরি করে আয় করতে চায়। আয়ের নিরাপত্তা, পদোন্নতির সুযোগ, সামাজিক সম্মান প্রভৃতি কারণে মানুষ চাকরিতে নিয়োজিত হতে চায়।

উদ্দীপকের জাহিদ চেষ্টা করে একটি ভালো কাজের ব্যবস্থা করেছে। এক্ষেত্রে সে নির্দিষ্ট সময় পর কাজের বিনিময়ে বেতন পায়। এ কাজে সে স্বাধীনভাবে কোনো সিদ্ধান্ত নিতে পারে না। তাকে অন্যের অধীনে থেকে সব কাজ করতে হয়। ফলে তার আয় সীমিত ও সুনির্দিষ্ট। এখানে আয় সীমিত হলেও প্রতি মাসে তার বেতন নির্ধারিত থাকে। তাই তার তেমন কোনো আর্থিক ঝুঁকি নেই। এসব বৈশিষ্ট্যের সাথে চাকরির মিল আছে। সুতরাং, জাহিদের কাজটি চাকরির অন্তর্গত।

**ঘ** 'দেশের অর্থনীতির ভিত মজবুতকরণে জাহিদের চাকরি নয়, জাদুর আত্মকর্মসংস্থানই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে'— উক্তিটি যথার্থ।

আত্মকর্মসংস্থানের মাধ্যমে নিজের কাজের ব্যবস্থা করা যায়। এর পাশাপাশি সমাজ, দেশ ও রাষ্ট্রের উন্নয়ন করা যায়। চাকরিতে এ সুযোগ খুবই কম। এ কারণে আত্মকর্মসংস্থান সকলের কাছে আকর্ষণীয় হয়ে উঠেছে।

উদ্দীপকের জাহিদ চেষ্টা করে চাকরি পেলেও জাদু তা পারেনি। পরবর্তীতে জাদু প্লাস্টিক শিল্পের ব্যাপক সম্ভাবনা চিন্তা করে এর একটি কারখানা স্থাপন করে। উক্ত পণ্যের চাহিদা, মানসম্মত পণ্য ও দাম কম হওয়ায় কম সময়েই সে সুনাম অর্জন করে। বর্তমানে সে দুইটি কারখানার মালিক।

জাদু কারখানা স্থাপনের মাধ্যমে নিজের কাজের ব্যবস্থা নিজেই করেছে। কিন্তু জাহিদ কাজের জন্য অন্যের ওপর নির্ভরশীল। এছাড়া জাদুর কারখানায় অন্য লোকেরও কাজের ব্যবস্থা হয়েছে। ফলে বেকার লোকের সংখ্যা কমছে, যা জাহিদ পারছে না। আবার, দেশীয় কাঁচামাল ব্যবহার করে পণ্য উৎপাদন করায় সম্পদের সদ্ব্যবহার হচ্ছে। এতে ক্রেতারা মানসম্মত প্লাস্টিক পণ্য পাচ্ছে। এভাবে দেশের অর্থনীতি সমৃদ্ধ হচ্ছে। অতএব, জাদুর আত্মকর্মসংস্থানই দেশের অর্থনীতিকে মজবুত করতে ভূমিকা রাখছে।

**প্রশ্ন ▶ ২** জনাব হাসান কোনো রকম প্রশিক্ষণ ছাড়াই নিজ গ্রামে একটি পোলট্রি খামার প্রতিষ্ঠা করেন। ফলে তিনি ব্যবসায়ের প্রথমদিকে লাভ করতে পারেন নি। পরবর্তীতে তিনি পোলট্রি খামারের ওপর প্রশিক্ষণ নেন। বর্তমানে তিনি কয়েকটি পোল্ট্রি খামারের মালিক। ◀ *শিখনফল-৩ ও ৬*

ক. বিক্রয়কর্মীর ক্রেতা আকর্ষণের কৌশলকে কী বলে? ১

খ. জেন্ডার সচেতনতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব হাসানের ব্যবসায়ের প্রথম দিকে লোকসানের কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. 'জনাব হাসানের ব্যবসায়ের সফলতা দেশের অর্থনীতিতে সহায়ক'— বিশ্লেষণ করো ৪

### ২ নং প্রশ্নের উত্তর

**ক** বিক্রয়কর্মীর ক্রেতা আকর্ষণের কৌশলকে বিক্রয়িকতা বলে।

**খ** নারী-পুরুষের ভিন্ন-ভিন্ন দৃষ্টিভঙ্গি ও সামাজিক অবস্থান সম্পর্কে সচেতন থাকাকে 'জেন্ডার সচেতনতা' বলে।

একজন কর্মী নারী বা পুরুষ যাই হোক না কেন উভয়ের প্রতি শ্রদ্ধাশীল ও সহানুভূতিশীল হতে হবে। প্রতিষ্ঠানে নারী-পুরুষ পক্ষপাতহীনতা বজায় রাখতে হবে। কারও প্রতি কোনো পক্ষপাতিত্ব না করাই জেন্ডার সচেতনতার মূল বিষয়।

**গ** প্রশিক্ষণের অভাবে জনাব হাসানের ব্যবসায়ের প্রথম দিকে লোকসান হয়েছে।

প্রশিক্ষণ ছাড়া অনেক সময় সুযোগ থাকা সত্ত্বেও সঠিক পদক্ষেপ নেওয়া যায় না। যেকোনো কাজেই প্রশিক্ষণের মাধ্যমে ধারণা নেওয়া জরুরি। এর মাধ্যমে ব্যবসায়ের জন্য অনুকূল পরিবেশ তৈরি করা সম্ভব হয়।

উদ্দীপকের জনাব হাসান কোনো প্রশিক্ষণ ছাড়াই নিজ গ্রামে একটি পোল্ট্রি খামার প্রতিষ্ঠা করেন। এক্ষেত্রে পোলট্রি খামার কীভাবে চালাতে ও পরিচর্যা করতে হবে এ সংক্রান্ত কোনো ধারণা তার ছিল না। কোনো প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ নিলে তিনি পোল্ট্রি খামার সম্পর্কে ধারণা নিতে পারতেন। এতে তার কাজের দক্ষতা বাড়তো। কীভাবে কাজ করলে

তিনি সফল হবেন তা সহজেই বুঝতে পারতেন। ফলে তাকে লোকসানের সম্মুখীন হতে হতো না। সুতরাং, জনাব হাসান প্রশিক্ষণ ছাড়া কাজ করায় প্রথম দিকে ব্যবসায়ে লাভ করতে পারেননি।

**ঘ** জনাব হাসানের আত্মকর্মসংস্থানমূলক ব্যবসায়ের সফলতা দেশের অর্থনীতিতে সহায়ক বলে আমি মনে করি।
স্বল্প মূলধন নিয়ে সহজেই আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা যায়। এ কাজের মাধ্যমে বেকারত্ব দূর করা যায়। ফলে দেশের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন হয়।
উদ্দীপকের জনাব হাসান পোল্ট্রি খামারের ওপর প্রশিক্ষণ নেন। এরপর তার প্রতিষ্ঠিত খামারে নতুনভাবে কাজ শুরু করেন। বর্তমানে তিনি কয়েকটি পোল্ট্রি খামারের মালিক।
বর্তমানে বাংলাদেশে আত্মকর্মসংস্থানের সহায়ক পরিবেশ তৈরি হচ্ছে। এ কাজে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানও সহায়তা করছে। জনাব হাসানও একটি প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণ পেয়েছেন। তিনি নিজে কাজের ব্যবস্থা করে স্বাবলম্বী হওয়ার সুযোগ পেয়েছেন। এছাড়া, তার সাফল্য দেখে অনেকেই এ কাজে নিয়োজিত হতে চেষ্টা করবে। ফলে চাকরির ওপর চাপ ও বেকারত্ব কমবে। তারা নিজেদের চেষ্টায় অর্থ উপার্জন করতে পারবে। এতে নিজের ও দেশের অর্থনৈতিক উন্নয়ন হবে। অতএব, জনাব হাসানের ব্যবসায়ের সফলতা দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

**প্রশ্ন ▶৩** বাংলাদেশ জনবহুল দেশ। এদেশে শিক্ষিত জনগোষ্ঠীর অধিকাংশ বেকার। সরকারের একার পক্ষে শিক্ষিত বেকার জনশক্তির কর্মসংস্থান করা সম্ভব নয়। এজন্য বেসরকারি চাকরির পাশাপাশি আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করতে হবে। ◀ *শিখনফল-৩ ও ৪*

ক. কতজন শ্রমিক নিয়ে স্কয়ার ফার্মাসিউটিক্যালস স্থাপিত হয়? ১
খ. বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তি কারা? ২
গ. আত্মকর্মসংস্থানে উপযুক্ত ক্ষেত্র নির্বাচনে তুমি কী কী বিষয় বিবেচনা করবে? বর্ণনা করো। ৩
ঘ. 'শিক্ষিত বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানে আত্মকর্মসংস্থানের কোনো বিকল্প নেই'— উক্তিটির সপক্ষে মতামত দাও। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** ১২ জন শ্রমিক নিয়ে স্কয়ার ফার্মাসিউটিক্যালস স্থাপিত হয়।

**খ** যারা দেশের বাণিজ্যিক খাতে গুরুত্বপূর্ণ অবদান রাখেন, তাদের বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তি বলা হয়।
এ ধরনের ব্যক্তি শিল্প স্থাপন, পণ্য উৎপাদন, কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তারা দেশের জাতীয় আয় বাড়ানোসহ সামগ্রিক অর্থনীতিতে ভূমিকা রাখেন। ফলে দেশের আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন হয়। তাদের এই অবদানের স্বীকৃতি স্বরূপ সরকার তাদের বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসেবে নির্বাচন করে।

**গ** আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র নির্বাচনে কিছু বিষয় গুরুত্ব সহকারে বিবেচনা করতে হয়।
নিজেই নিজের কাজের ব্যবস্থা করা যায় আত্মকর্মসংস্থানের মাধ্যমে। এর ক্ষেত্র নির্বাচনে প্রাথমিক মূলধন, পণ্যের চাহিদা, সঠিক পণ্য নির্বচন প্রভৃতি বিষয় বিবেচনা করতে হয়। এগুলোর ওপর কাজের সফলতা ও ব্যর্থতা নির্ভর করে।
জনবহুল বাংলাদেশে আত্মকর্মসংস্থান একটি উপযুক্ত পেশা। তাই উপযুক্ত ক্ষেত্র নির্বাচনে প্রথমে পণ্যের চাহিদার বিষয়টি বিবেচনা করতে হবে। এরপর যথাযথ স্থান ও সম্ভাব্য বাজার ঠিক আছে কিনা তা যাচাই করতে হবে। এক্ষেত্রে প্রাথমিক মূলধনের পরিমাণ কম হবে এমন ক্ষেত্র নির্বাচন করাই লাভজনক। আবার এমন ক্ষেত্র নির্বাচনে গুরুত্ব দিতে হবে যে পেশা নমনীয় ও আয়ের সম্ভাবনা বেশি হবে। এছাড়া, সহজে প্রযুক্তির ব্যবহার করা যায় এমন প্রকল্প বিবেচনায় রাখতে হবে। এতে সাফল্য লাভের পথ সহজ হবে। সুতরাং, আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র নির্বাচনে আমি উল্লিখিত বিষয় বিবেচনা করব।

**ঘ** 'শিক্ষিত বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানে আত্মকর্মসংস্থানের কোনো বিকল্প নেই'— উক্তিটি যথার্থ বলে আমি মনে করি।
নিজস্ব পুঁজি, জ্ঞান ও দক্ষতাকে কাজে লাগিয়ে আত্মকর্মসংস্থানে নিয়োজিত হওয়া যায়। এর মাধ্যমে বেকার সংখ্যা কমানো যায়। এতে দেশের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন হয়।
উদ্দীপকে বলা হয়েছে, বাংলাদেশ একটি জনবহুল দেশ। এদেশে শিক্ষিত জনগোষ্ঠীর একটি বিশাল অংশ বেকার। সরকারের একার পক্ষে এত লোকের কাজের ব্যবস্থা করা সম্ভব নয়। এজন্য বেকারদের আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করতে হবে।
আত্মকর্মসংস্থানমূলক পেশাগুলো সম্পর্কে শিক্ষিত জনগোষ্ঠীকে প্রশিক্ষণ দেওয়া যেতে পারে। এতে অল্প সময়ে দক্ষতা অর্জন করে তারা নিজেই এ ধরনের কাজ করতে পারবে। এছাড়া, শিক্ষিত জনগোষ্ঠী দেশের মেধাসম্পদ। তারা আত্মকর্মসংস্থানে নিয়োজিত হলে নতুন প্রতিষ্ঠান, ক্ষেত্র, পণ্য ও সেবা উদ্ভাবন করতে পারবে। ফলে অনেক বেকার লোকের কাজের ব্যবস্থা হবে। এতে চাকরির ওপর চাপ কমবে। কারণ তারা নিজেদের চেষ্টায় নিজ নিজ ক্ষেত্রে অর্থ উপার্জন করতে পারবে। ফলে তাদের এবং দেশেরও অর্থনৈতিক উন্নয়ন হবে। অতএব, শিক্ষিত ও বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানে আত্মকর্মসংস্থানের বিকল্প নেই।

**প্রশ্ন ▶৪** রিনিয়া পারভীন একজন নারী উদ্যোক্তা। তিনি নিজস্ব চিন্তা-ভাবনা ও পুঁজি নিয়ে রেয়াজুদ্দিন বাজার এলাকায় একটি সৌখিন পণ্য তৈরির কারখানা স্থাপন করেন। বর্তমানে তার কারখানার উৎপাদিত পণ্য বেশ জনপ্রিয়তা অর্জন করেছে। ◀ *শিখনফল-১ ও ৩*

ক. ব্যবসায়ে সাফল্য লাভের অন্যতম শর্ত কী? ১
খ. আত্মকর্মসংস্থান সৃষ্টিতে কী কী বিষয় মুখ্য ভূমিকা পালন করে? ব্যাখ্যা করো। ২
গ. রিনিয়া পারভীনের কাজটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কী মনে করো রিনিয়া পারভীনের মতো সফল আত্মকর্মসংস্থানকারীদের জাতীয়ভাবে পুরস্কৃত করা প্রয়োজন— ব্যাখ্যা করো। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায়ে সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত হলো সঠিক পণ্য নির্বাচন।

**খ** নিজের দক্ষতা, মেধা ও শ্রমকে কাজে লাগিয়ে নিজেই নিজের কর্মসংস্থান সৃষ্টি করাকে আত্মকর্মসংস্থান বলে।
এক্ষেত্রে সফল ও স্বাবলম্বী উদ্যোক্তারা প্রেরণা হিসেবে কাজ করেন। সহজ শর্তে ঋণ দেওয়া, কর অবকাশ, ভর্তুকি প্রভৃতিও আত্মকর্মসংস্থান তৈরিতে ভূমিকা রাখে। এ পেশায় আগ্রহী করতে বিভিন্ন সেমিনার, সভা

খুবই গুরুত্বপূর্ণ। এছাড়া সফল উদ্যোক্তাদের নিয়ে এসে সম্ভাব্য উদ্যোক্তাদের সামনে পুরস্কার ও সম্মাননা দিলে আত্মকর্মসংস্থানে তারা উৎসাহী হয়। এসব বিষয় আত্মকর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখে।

**গ** রিনিয়া পারভীনের কাজটি একটি আত্মকর্মসংস্থানমূলক কাজ।

নিজের দক্ষতা, শ্রম ও মেধাকে কাজে লাগিয়ে নিজের কাজের ব্যবস্থা নিজে করাই আত্মকর্মসংস্থান। এটি সম্মানজনক ও লাভজনক পেশা। এ পেশা থেকে আয়ের সুযোগ তৈরি হয়।

উদ্দীপকের রিনিয়া পারভীন একজন নারী উদ্যোক্তা। নিজস্ব পুঁজি নিয়ে রেয়াজুদ্দিন বাজার এলাকায় একটি সৌখিন পণ্য তৈরির কারখানা স্থাপন করেন। কারখানা স্থাপনের মাধ্যমে তিনি নিজের কাজের ব্যবস্থা নিজেই করেছেন। তিনি নিজের মেধা, শ্রম ও দক্ষতা দিয়ে কাজ করার সুযোগ পাচ্ছেন। ফলে বেশি আয়ের সুযোগ তৈরি হচ্ছে। এছাড়া, রিনিয়া পারভীনকে অন্যের চাকরির ওপর নির্ভর করে থাকতে হয়নি। এসব বৈশিষ্ট্যের সাথে আত্মকর্মসংস্থানের মিল আছে। সুতরাং, রিনিয়া পারভীন আত্মকর্মসংস্থানমূলক কাজ করেন।

**ঘ** রিনিয়া পারভীনের মতো সফল আত্মকর্মসংস্থানকারীদের জাতীয়ভাবে পুরস্কৃত করা প্রয়োজন বল আমি মনে করি।

উদ্যোক্তারা আত্মকর্মসংস্থানে নিয়োজিত হয়ে নিজের ও অন্যের কাজের ব্যবস্থা করেন। তারা সমাজ ও রাষ্ট্রের কাছে সম্মান ও মর্যাদা আশা করেন। তাই জাতীয়ভাবে পুরস্কার দিলে ও সম্মাননার ব্যবস্থা করলে এসকল আত্মকর্মসংস্থানকারী ও উদ্যোক্তারা অনুপ্রাণিত হন।

উদ্দীপকের রিনিয়া পারভীন একজন নারী উদ্যোক্তা। নিজের ভাবনা অনুযায়ী তিনি সৌখিন পণ্য তৈরির একটি কারখানা স্থাপন করেন। তার উৎপাদিত পণ্য ক্রেতাদের কাছে জনপ্রিয় হয়ে ওঠেছে।

রিনিয়া পারভীনের মতো উদ্যোক্তাদের পুরস্কার দিলে তারা অনুপ্রাণিত হয়। তারা আরও নতুন ব্যবসায় উদ্যোগ নিতে আগ্রহী হন। এছাড়া তাদের কাজের আগ্রহ বেড়ে যায়। আবার, পুরস্কারের মাধ্যমে তারা সম্মানিত হন। ফলে সমাজে তাদের গ্রহণযোগ্যতা বাড়ে। আবার, পুরস্কার পাওয়ার আশায় ভালো কাজের মাধ্যমে সমাজের উপকার করেন। এছাড়া তারা কর্মসংস্থান সৃষ্টি করেন। এতে দেশের শিল্পায়ন বাড়ে ও অর্থনৈতিকভাবে দেশ এগিয়ে যেতে পারে। অতএব, রিনিয়া পারভীনের মতো আত্মকর্মসংস্থানকারী ও উদ্যোক্তাদের পুরস্কৃত করা প্রয়োজন।

**প্রশ্ন ▶ ৫** নোয়াখালীর জেলা প্রশাসক মহোদয় কিছু সংখ্যক বেকার যুবককে নিয়ে একটি সেমিনারের আয়োজন করেন। সেমিনারে তিনি আত্মকর্মসংস্থানমূলক কাজের ওপর আলোচনা করেন। চাকরির বিকল্প পেশা হিসেবে আত্মকর্মসংস্থানের গুরুত্ব ব্যাখ্যা এবং উৎসাহ দেন।

*◀ শিখনফল-১ ও ৩*

ক. ব্যবসায়ে সাফল্য লাভের অন্যতম শর্ত কী? ১

খ. 'আত্মকর্মসংস্থান হচ্ছে চাকরির বিকল্প সম্মানজনক পেশা' — উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. জেলা প্রশাসক কোন কারণে বেকার যুবকদের আত্মকর্মসংস্থানে উৎসাহ দেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জেলা প্রশাসকের পরামর্শটি বেকার যুবকদের মানা উচিত কিনা? মতামত দাও। ৪

### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** ব্যবসায়ে সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত হলো সঠিক পণ্য নির্বাচন।

**খ** স্বল্প পুঁজি, নিজস্ব চিন্তা ও দক্ষতাকে কাজে লাগিয়ে নিজের প্রচেষ্টায় জীবিকা অর্জনের ব্যবস্থাকে আত্মকর্মসংস্থান বলে।

বাংলাদেশ বেশি জনসংখ্যার দেশ। এতে জনসংখ্যা বাড়ার সাথে কর্মসংস্থানের চাহিদা বাড়তে থাকে। কিন্তু চাহিদা অনুযায়ী কর্মসংস্থানের সংখ্যা বাড়ে না। আর ইচ্ছে করলেই চাকরির ব্যবস্থা করা যায় না। এজন্য কর্মহীন লোকের সংখ্যা বেড়ে যায়। এতে তারা আত্মকর্মসংস্থান সৃষ্টি করতে চায়। কারণ আত্মকর্মসংস্থানমূলক পেশায় আয়ের সম্ভাবনা বেশি। এতে স্বাধীন পেশা ও বেশি সংখ্যক কর্মসংস্থান তৈরিসহ প্রভৃতি সুবিধা আছে। তাই চাকরির বিকল্প পেশা হিসেবে তারা আত্মকর্মসংস্থানকে বেছে নেয়।

**গ** জেলা প্রশাসক বেকার সমস্যা সমাধান ও চাকরির ওপর থেকে আগ্রহ কমাতে আত্মকর্মসংস্থানে উৎসাহ দেন।

আত্মকর্মসংস্থান একটি লাভজনক ও সম্মানজনক পেশা। এদেশে বর্তমানে ২৬ লক্ষ জনশক্তি বেকার। এ প্রকট বেকার সমস্যার সমাধান এবং চাকরির ওপর নির্ভরশীলতা কমাতে আত্মকর্মসংস্থান খুবই গুরুত্বপূর্ণ।

উদ্দীপকে নোয়াখালীর জেলা প্রশাসক মহোদয় কিছুসংখ্যক বেকার যুবকদের নিয়ে সেমিনারের আয়োজন করেন। তিনি আত্মকর্মসংস্থানের ওপর আলোচনা করেন। দেশে বিদ্যমান বেকার সমস্যা সমাধানে এর বিকল্প নেই। কারণ প্রতি বছর চাকরির বাজারে যোগ হচ্ছে লক্ষ লক্ষ বেকার যুবসম্পদ। কিন্তু সেই তুলনায় চাকরির ক্ষেত্র সীমিত। যোগ্যতা থাকা সত্ত্বেও চাকরি পাওয়া কষ্টকর হয়ে পড়েছে। এতে দেশ ও যুবসম্পদ উভয়ের ক্ষতি হচ্ছে। এ সমস্যা সমাধানে জেলা প্রশাসক আত্মকর্মসংস্থানে উৎসাহ দেন।

**ঘ** জেলা প্রশাসকের পরামর্শটি বেকার যুবকদের অবশ্যই মানা উচিত।

এর মাধ্যমে স্বল্প সম্পদ, নিজস্ব চিন্তা, জ্ঞান, বুদ্ধিমত্তা ও দক্ষতাকে কাজে লাগিয়ে নিজের প্রচেষ্টায় জীবিকা অর্জনের ব্যবস্থা করা হয়। কর্মসংস্থানের সুযোগ বাড়িয়ে যুবসম্পদের বেকারত্ব দূর করতে আত্মকর্মসংস্থানের গুরুত্ব অনেক।

উদ্দীপকে নোয়াখালীর জেলা প্রশাসক মহোদয় কিছুসংখ্যক বেকার যুবককে নিয়ে সেমিনার আয়োজন করেন। সেমিনারে তিনি আত্মকর্মসংস্থানমূলক কাজের গুরুত্ব নিয়ে আলোচনা করেন। চাকরির বিকল্প পেশা হিসেবে তিনি এর ভূমিকা তুলে ধরেন এবং উৎসাহ দেন।

জেলা প্রশাসক একটি গুরুত্বপূর্ণ ও সময়োপযোগী পরামর্শ দিয়েছেন। সেমিনারে অংশ নেওয়া যুবকদের আত্মকর্মসংস্থানে নিয়োজিত হওয়া উচিত। কারণ, এতে তারা একদিকে যেমন নিজেদের কাজের ব্যবস্থা করতে পারবেন। অন্যদিকে তারা স্বাবলম্বীও হতে পারবেন। এতে চাকরির ওপর চাপ কমবে। এছাড়া বর্তমানে আত্মকর্মসংস্থানমূলক কাজে উৎসাহিত করতে সরকার কম ও বিনা সুদে ঋণ দিচ্ছে। বেকার যুবকরা এ সুযোগ কাজে লাগিয়ে সহজে ব্যবসায় স্থাপনের পদক্ষেপ নিতে পারবেন। তাই আমি মনে করি, জেলা প্রশাসকের পরামর্শটি বেকার যুবকদের মানা উচিত।

## প্রশ্নব্যাংক

**প্রশ্ন ▶ ৬** মিসেস শামীমা একজন আধুনিক রুচিশীল গৃহিণী। তিনি বিসিক প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে নিজের বাসায় ব্লক ও বাটিকের কাজ শুরু করে সংসারে সচ্ছলতা আনেন। আরও পাঁচজন অসহায় মহিলা তার এ কাজের মাধ্যমে আয়ের পথ খুঁজে নিয়েছেন।

◀ *শিখনফল-২ ও ৩*

ক. ব্যবসায় উদ্যোগ কী? ১

খ. উদ্যোক্তার সবচেয়ে বড় বৈশিষ্ট্যটি ব্যাখ্যা করো। ২

গ. মিসেস শামীমা কীভাবে সংসারে আর্থিক সচ্ছলতা আনতে সক্ষম হন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মিসেস শামীমা দরিদ্র মহিলাদের স্বাবলম্বী হতে কী ভূমিকা রাখতে পারেন? তোমার মতামত দাও। ৪

### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** লাভের আশায় ঝুঁকি নিয়ে অর্থ ও শ্রম বিনিয়োগ করাকে ব্যবসায় উদ্যোগ বলা হয়।

**খ** পরিমিত পরিমাণ ঝুঁকি নেওয়া একজন সফল উদ্যোক্তার বড় বৈশিষ্ট্য।

এক্ষেত্রে ঝুঁকি নেওয়ার আগে তার মাত্রা নির্দিষ্ট করা হয়। এতে একজন উদ্যোক্তা সহজে পরিকল্পনা অনুযায়ী ঝুঁকি মোকাবিলা করতে পারেন। আর উদ্যোক্তাকে সবসময় ঝুঁকি নিয়ে ব্যবসায় পরিচালনা করতে হয়। তবে ঝুঁকি বিচক্ষণতার সাথে নিরূপণ করে তিনি তা কমাতে পারেন। যেমন: উদ্যোক্তা ধারণা করলেন আগামী বছর পণ্য বিক্রয়ের পরিমাণ কমে যেতে পারে। এ ঝুঁকি কমানোর জন্য তিনি উৎপাদনের পরিমাণ কমিয়ে দিলেন। ঝুঁকি কমানোর এ পদ্ধতি হলো পরিমিত পরিমাণ ঝুঁকি নেওয়া।

***সুপার টিপস:*** *প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** আত্মকর্মসংস্থানের বৈশিষ্ট্য লেখো।

**ঘ** দরিদ্রতা দূর করতে উদ্যোক্তার ভূমিকা লেখো।

**প্রশ্ন ▶ ৭** বরিশালের বাবুল রহমান ছোটকাল থেকে দারিদ্র্যের মধ্যে বড় হয়েছেন। বেশি লেখাপড়া না করতে পারলেও সৃজনশীল কাজে তিনি ছিলেন অনেক দক্ষ। বাঁশ ও বেতের সমন্বয়ে তিনি নিত্যনতুন পণ্য তৈরি করতে পারতেন। এসব দেখে তার গ্রামের মিরাজ মাস্টার কিছু অর্থের ব্যবস্থা করে দিলেন। টাকা পেয়ে বাঁশ ও বেত দিয়ে খেলনা বানিয়ে বরিশাল শহরে বিক্রি করতে লাগলেন। এভাবে বছর দুয়েকের মধ্যেই বরিশাল শহরে একটি খেলান বিক্রির দোকান দিলেন।

◀ *শিখনফল-২ ও ৩*

ক. সফল উদ্যোক্তার চরিত্রের উল্লেখযোগ্য দিক কোনটি? ১

খ. বেকারত্ব সমাজে অভিশাপস্বরূপ কেন? ব্যাখ্যা করো। ২

গ. বাবুল রহমানের সফলতার মূল কারণ কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. কর্মসংস্থান তৈরিতে বাবুল রহমান কীভাবে ভূমিকা রাখছেন? মূল্যায়ন করো। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** কাজে সাফল্য অর্জনের তীব্র আকাঙ্ক্ষা সফল উদ্যোক্তার চরিত্রের উল্লেখযোগ্য দিক।

**খ** যোগ্যতা থাকা সত্ত্বেও কোনো কাজে নিয়োজিত না হতে পারাই হলো বেকারত্ব।

জনসংখ্যার দ্রুত বেড়ে যাওয়া, অর্থনৈতিক অনগ্রসরতা এবং চাহিদার তুলনায় কর্মসংস্থানের সীমিত সুযোগের জন্য বাংলাদেশে বেকার সমস্যা দিন দিন বাড়ছে। কোনো ব্যক্তি বেকার হলে তার পক্ষে পরিবারের ভরণপোষণসহ অন্যান্য আর্থিক খরচ মেটানো সম্ভব হয় না। বেকারত্বের ফলে শান্তি-শৃঙ্খলা, নৈতিকতা ও নিরাপত্তা নষ্ট হয়। এছাড়া মানসিক অস্থিরতা ও সামাজিক অপরাধ বেড়ে যায়। তাই বেকারত্বকে সমাজে অভিশাপ হিসেবে বিবেচনা করা হয়।

***সুপার টিপস:*** *প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** উদ্যোক্তার সফলতায় সৃজনশীলতা ও পর্যাপ্ত পুঁজির ভূমিকা লেখো।

**ঘ** নতুন কর্মসংস্থান তৈরিতে ব্যবসায় সম্প্রসারণের গুরুত্ব লেখো।

**প্রশ্ন ▶ ৮** সফল উদ্যোক্তা রহমান সাহেব গীর্জা মহল্লায় একটি কম্পিউটার পার্টসের দোকান দেন। কিন্তু কম্পিউটার ব্যবসায়ের কোনো জ্ঞান না থাকায় এই ব্যবসায় তার জন্য ঝুঁকিপূর্ণ হয়ে দাঁড়ায়। তিনি বেশি পরিমাণে লোকসানের সম্মুখীন হন। ◀ *শিখনফল-৫*

ক. ঝুঁকি কী? ১

খ. ব্যবসায়িক ঝুঁকি ও আর্থিক ঝুঁকির মধ্যে পার্থক্য লেখো। ২

গ. রহমান সাহেব কম্পিউটার ব্যবসায়ে যেসব ঝুঁকির সম্মুখীন হন তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত সমসা সমাধানে কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে বলে তুমি মনে করো। উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** প্রত্যাশিত মুনাফা অর্জনের অনিশ্চয়তা হলো ঝুঁকি।

**খ** ব্যবসায় উদ্যোক্তা সবসময় ঝুঁকি মোকাবেলা করে সিদ্ধান্ত নেন।

ঝুঁকি দুই প্রকার- ব্যবসায়িক ঝুঁকি ও আর্থিক ঝুঁকি। ব্যবসায়িক ঝুঁকি হচ্ছে পণ্য বা সেবার চাহিদা কমে গিয়ে মুনাফা কমে যাওয়া। অন্যদিকে আর্থিক ঝুঁকি হচ্ছে প্রত্যাশিত মুনাফা অর্জন করতে না পারা। অর্থাৎ, ব্যবসায়িক ঝুঁকি সৃষ্টি হয় পণ্য বা সেবার চাহিদার ওপর ভিত্তি করে। অন্যদিকে, আর্থিক ঝুঁকি অর্থ সম্পর্কিত যেকোনো উৎস থেকে সৃষ্টি হতে পারে।

***সুপার টিপস:*** *প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** আর্থিক ঝুঁকির বৈশিষ্ট্য লেখো।

**ঘ** সমস্যা সমাধানে প্রশিক্ষণ নেওয়ার গুরুত্ব লেখো।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. কর্মসংস্থানকে প্রধানত কয়টি ভাগে ভাগ করা হয়েছে?**
K পাঁচ L চার
M তিন N দুই

**২. ব্যবসায়ের সাফল্য লাভের অন্যতম পূর্বশর্ত কোনটি?**
K প্রাথমিক মূলধন
L সঠিক পণ্য নির্বাচন
M পণ্যের চাহিদা নির্ধারণ
N সঠিক কর্মী নির্বাচন

**৩. বাংলাদেশে কোনটির সুযোগ সীমিত?**
K চাকরি L আত্মকর্মসংস্থান
M ব্যবসায় N বাণিজ্য

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
সুমী গরিব পরিবারের মেয়ে। এইচ.এস.সি পাস করার পর কিছুদিন প্রশিক্ষণ নিয়ে তার নিজ এলাকায় একটি বিউটি পার্লার স্থাপন করেন। বর্তমানে তাদের পরিবারটির সচ্ছলতা ফিরে এসেছে।

**৪. সুমীর কাজটি কোন ধরনের?**
K কুটির শিল্প L আত্মকর্মসংস্থান
M শখের কাজ N বিনোদন শিল্প

**৫. সুমীর সফলতার কারণ—**
i. দূরদর্শিতা ii. দরিদ্রতা
iii. দক্ষতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৬. আত্মকর্মসংস্থানে উৎসাহ সৃষ্টিতে করণীয় কী?**
K বড় কাজের মূল্যায়ন করে
L শিক্ষার্থীদের ঝরে পড়া রোধ করে
M সকলকে ব্যাংক ঋণের সুযোগ দিয়ে
N সফল উদ্যোক্তাদের এলাকায় আমন্ত্রণ জানিয়ে

**৭. ব্যবসায়ের স্থান নির্বাচনে বিবেচ্য বিষয়—**
i. কাঁচামালের সহজলভ্যতা
ii. বাজারজাতকরণের সুবিধা
iii. অবকাঠামোগত সুবিধা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৮. দেশের মোট শ্রমশক্তির কত অংশ যুবক-যুবতী?**
K $\frac{১}{২}$ L $\frac{১}{৩}$
M $\frac{১}{৪}$ N $\frac{১}{৫}$

**৯. আত্মকর্মসংস্থানের আয়ের ধারাবাহিকতা কীরূপ?**
K অনিশ্চিত L নিশ্চিত
M অবশ্যম্ভাবী N মোটামুটি

**উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।**
জরিনা বেগম যুব উন্নয়ন কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে কর্মসংস্থান ব্যাংকের সহায়তায় তার নিজ এলাকায় একটি দুগ্ধ খামার স্থাপন করেন। এর মাধ্যমে তিনি কর্মজীবন শুরু করে সফলতা লাভ করেছেন।

**১০. জরিনা বেগমের কাজটি কোন ধরনের?**
K উদ্যোগ L ব্যবসায় উদ্যোগ
M আত্মকর্মসংস্থান N ব্যবসায়

**১১. জরিনা বেগমের সফলতা লাভের কারণ—**
i. প্রশিক্ষণের সুযোগ
ii. পুঁজির প্রাপ্যতা
iii. ব্যক্তিগত দক্ষতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১২. কোনটি আত্মকর্মসংস্থানের জন্য উপযুক্ত?**
K পোশাক শিল্প L টেইলারিং
M যন্ত্রশিল্প N জাহাজ তৈরি

**১৩. বৃত্তিমূলক প্রশিক্ষণ শেষে ঋণ দেয় কোন প্রতিষ্ঠান?**
K বিআইএম L নট্রামস
M এনজিও N বিআরডিবি

**১৪. কর্মসংস্থানের প্রধান উৎস কয়টি?**
K ২ L ৪
M ৬ N ৮

**১৫. আমাদের দেশে কোন ধরনের বেকারত্বের সংখ্যা বেশি?**
K সাময়িক L পূর্ণকালীন
M মৌসুমি N দীর্ঘকালীন

**১৬. মহিলা বিষয়ক মন্ত্রণালয় আগ্রহী মহিলাদের কোন ধরনের প্রশিক্ষণ দেয়?**
K কারিগরি
L প্রযুক্তিগত
M তথ্য ও কারিগরি
N কারিগরি ও প্রযুক্তিগত

**১৭. কোন পুঁজির অভাবে বাংলাদেশের অনেক শিল্প কারখানায় উৎপাদন ব্যাহত হচ্ছে?**
K চলতি L স্থায়ী
M নিজস্ব N ঋণ

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**
জাবেদ পড়াশোনা শেষ করে চাকরি না পেয়ে বাড়িতে মুরগির খামার স্থাপন করে। সে বাচ্চা মুরগি কিনে এনে তা বড় হলে বাজারে সরবরাহ করে।

**১৮. জাবেদের কাজটি কোন ধরনের?**
K বাণিজ্য L শিল্প
M প্রক্রিয়াজাত N আত্মকর্মসংস্থান

**১৯. জাবেদের মুরগি পালনের কারণ—**
i. পৈতৃক ব্যবসায়
ii. আত্মকর্মসংস্থানের সুযোগ
iii. মুনাফা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২০. বর্তমানে যেকোনো দেশের কর্মসংস্থানের প্রধান উৎস কী?**
K আত্মকর্মসংস্থান
L কৃষিকাজ
M সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি
N কর্মসংস্থানের জন্য বিদেশে গমন

**২১. আমাদের দেশের অগ্রযাত্রা ব্যাহত হওয়ার কারণ হলো—**
i. মেধার অভাব
ii. প্রশিক্ষণের অভাব
iii. অনুকূল পরিবেশের অভাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২২. নট্রামস কোন মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত?**
K যুব ও ক্রীড়া L শিক্ষা
M শিল্প N পর্যটন

**২৩. বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট কী ধরনের প্রতিষ্ঠান?**
K সরকারি L আধা সরকারি
M বেসরকারি N স্বায়ত্তশাসিত

**২৪. আত্মকর্মসংস্থানের মাধ্যমে সফলতা সম্ভব হয়—**
i. কঠোর পরিশ্রমের কারণে
ii. বেশি পুঁজি বিনিয়োগের কারণে
iii. সুযোগের সঠিক ব্যবহারের কারণে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৫. নিজের দক্ষতা ও গুণাবলি দ্বারা নিজেই নিজের কর্মসংস্থান করাকে কী বলা হয়?**
K আত্মনির্ভরতা L আত্মকর্মসংস্থান
M আত্মপ্রত্যয় N আত্মপ্রতিষ্ঠা

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**
এসএসসি পাস করার পর মি. বিজয় শহরের একটি কারখানায় কাজ নিল। বেতন তুলনামূলক কম হওয়ায় সে গ্রামে ফিরে কম মূলধন ও নিজস্ব বুদ্ধিমত্তা খাটিয়ে উপার্জনের পথ বেছে নেন। নিজের কঠোর পরিশ্রম ও উপজেলার কৃষি কর্মকর্তার সহযোগিতায় তিনি সফল ব্যবসায়ীতে পরিণত হন।

**২৬. গ্রামে এসে মি. বিজয় কোন কাজ শুরু করেন?**
K চাকরি L ব্যবসায়
M আত্মকর্মসংস্থান N কৃষিকাজ

**২৭. মি. বিজয় সফল হলেন—**
i. কঠোর পরিশ্রম ও চেষ্টা
ii. কৃষি অফিসারের সহযোগিতায়
iii. বেশি বিনিয়োগ করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৮. প্রশিক্ষণ কর্মীদের মধ্যে সৃষ্টি করে–**
i. সহযোগিতা
ii. সমন্বয়
iii. চাকরির নিরাপত্তা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৯. আত্মকর্মসংস্থানের সবচেয়ে বড় মূলধন কোনটি?**
K মনোবল L নিজের দক্ষতা
M উদ্যোগ N সাহসিকতা

**৩০. যুব প্রশিক্ষণ কেন্দ্র কোন মন্ত্রণালয়ের অধীনে?**
K শিল্প মন্ত্রণালয় L যুব ক্রীড়া মন্ত্রণালয়
M তথ্য মন্ত্রণালয় N নট্রামস

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.** ▶ সামী বি.কম পাস করার পর তার ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে ভাবছিল। সে নিজ দেশে কিছু করতে চায়। এজন্য সে হাঁস-মুরগি পালনের ওপর দু'মাসের প্রশিক্ষণ নেয়। এতে তার মনোবল বেড়ে যায়। সে বাড়িতে হাঁস-মুরগির খামার প্রতিষ্ঠা করে। প্রশিক্ষণলব্ধ জ্ঞান প্রয়োগ করে নিজের চেষ্টায় আজ সে স্বাবলম্বী।

ক. দেশের মোট শ্রমশক্তির কত অংশ যুবক-যুবতী? ১
খ. 'আত্মকর্মসংস্থান একটি স্বাধীন পেশা'— ব্যাখ্যা করো। ২
গ. সামীর হাঁস-মুরগির খামার কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত— ব্যাখ্যা করো। ৩
ঘ. স্বাবলম্বী হওয়ার পেছনে কোন গুণটি সামীকে বেশি প্রভাবিত করেছে বলে তুমি মনে করো? বিশ্লেষণ করো। ৪

**২.** ▶ হাবিব লেখাপড়া শেষ করে বেকার অবস্থায় আছে। তাই সে বেকারত্ব থেকে মুক্তি পাওয়ার জন্য নট্রামস থেকে প্রশিক্ষণ নেয়। প্রশিক্ষণ নিয়ে গ্রামের বাজার সংলগ্ন স্কুলের পাশে কম্পিউটার প্রোগ্রামিং ও কম্পিউটার চালনায় শিক্ষাদান শুরু করে। পরবর্তী সময়ে ব্যাংক থেকে ঋণ নিয়ে আরও কয়েকটি কম্পিউটার কিনে প্রশিক্ষণ কেন্দ্রটি সম্প্রসারণ করে।

ক. চাকরি কী? ১
খ. আত্মকর্মসংস্থানের কয়েকটি ক্ষেত্রের নাম লেখো। ২
গ. হাবিবের ব্যবসায় প্রতিষ্ঠান বাজার ও স্কুলের পাশে স্থাপন করার কারণ কী? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'নট্রামসের কারণে হাবিবের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে'- উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**৩.** ▶ সাহেদ ও শুভ দুইজন বন্ধু। সাহেদ চাকরি পেলেও শুভ চেষ্টা করেও ভালো চাকরি জোগাড় করতে পারেনি। কিন্তু সে হতাশ না হয়ে প্লাস্টিক শিল্পের ব্যাপক সম্ভাবনার কথা চিন্তা করে এ শিল্পের বিভিন্ন পণ্য তৈরির কারখানা স্থাপন করে। উক্ত পণ্যের চাহিদা, মানসম্মত পণ্য ও দাম সুলভ হওয়ায় কম সময়ের মধ্যেই বাজারে সুনাম সৃষ্টি করে। কয়েক বছরের কঠোর পরিশ্রমের ফলস্বরূপ শুভ বর্তমানে আরও দুইটি কারখানা স্থাপন করেন।

ক. কর্মসংস্থানকে কয়ভাগে ভাগ করা যায়? ১
খ. নট্রামস কী? ব্যাখ্যা করো। ২
গ. সাহেদের কর্মসংস্থানের ধরনটি ব্যাখ্যা করো। ৩
ঘ. "দেশের অর্থনীতির ভিত মজবুতকরণে সাহেদ নয়, শুভই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে"— বিশ্লেষণ করো। ৪

**৪.** ▶ জনাব আবির নিজেই তার কর্মসংস্থানের ক্ষেত্র তৈরি করতে চান। তিনি যে পণ্য বাজারজাতকরণে আগ্রহী উক্ত পণ্যের বাজার চাহিদা নিরূপণ করেন এবং কর্মী নিয়োগে কর্মীর যোগ্যতা ও বিশ্বস্থতা মূল্যায়ন করেন। তিনি উদ্যোগ নিতে গিয়ে দেখেন বাংলাদেশে বৃত্তিমূলক শিক্ষার অপ্রতুলতার জন্য বেকারত্বের সংখ্যা দিন দিন বাড়ছে।

ক. BIM কী? ১
খ. আত্মকর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব আবির আত্মকর্মসংস্থানের ক্ষেত্র নির্বাচনে কোন বিষয়গুলোর প্রতি লক্ষ রেখেছেন? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে আবিরের মতে কোনটির বাধার কারণে বেকারত্ব বাড়ছে? মূল্যায়ন করো। ৪

**৫.** ▶ সাজিদ যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র থেকে মাছ চাষের ওপর প্রশিক্ষণ নেয়। সে ও তার বড় ভাই মিলে পারিবারিক পুকুরে মাছ চাষ শুরু করার সিদ্ধান্ত নেয়। কিন্তু কিছু বন্ধু-বান্ধব ঝুঁকির কথা বলে তাদেরকে নিরুৎসাহিত করার চেষ্টা করে। এতে তারা মোটেও থেমে যায়নি।

ক. সবচেয়ে জনপ্রিয় পেশা কোনটি? ১
খ. বাংলাদেশে আত্মকর্মসংস্থান জরুরি কেন? ব্যাখ্যা করো। ২
গ. সাজিদের মাছ চাষ শুরু করার কাজকে কী বলে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বন্ধু-বান্ধবের পরমার্শ না শুনে কাজে এগিয়ে যাওয়ায় সাজিদের মধ্যে উদ্যোক্তার কোন গুণটি প্রকাশ পেয়েছে তা বিশ্লেষণ করো। ৪

**৬.** ▶ নূরজাহান স্নাতক পাস করে চাকরির অপেক্ষা না করে নিজেদের জমিতে ফুল চাষ করেন। প্রথম বছরেই লাভের পরিমাণ সন্তোষজনক। পরবর্তীতে আরও কিছু জমিতে বিভিন্ন জাতের ফুল চাষ করে আর্থিকভাবে লাভবান হলে এলাকার ১০ জন নারী-পুরুষের কর্মের ব্যবস্থা করেন। কঠোর পরিশ্রম ও দক্ষতার সাথে কাজ করে কম সময়ে অনেক পরিচিতি ও সম্মান অর্জন করেন।

ক. BRDB কী? ১
খ. কর্মসংস্থানের প্রধান উৎস কী? ব্যাখ্যা করো। ২
গ. নূরজাহানের কাজের ধরনটি বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে নূরজাহানকে কি একজন সফল নারী উদ্যোক্তা বলা যায়? মতামত দাও। ৪

**৭.** ▶ নছিমুন অতি দরিদ্র পরিবারের একজন মেয়ে। ৫ম শ্রেণি পর্যন্ত পড়ে দরিদ্রতার কারণে বয়স্ক একজন লোকের সাথে বিয়ে হয় তার। চারজন ছেলে-মেয়ে হওয়ার পর হঠাৎ করে স্বামী মারা যায়। শুরু হয় সংগ্রামী জীবন। স্থানীয় প্রশিক্ষক কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে ঋণ করা স্বল্পপুঁজি নিয়ে শুরু করে কেঁচো চাষ। স্থানীয় বাজারে কেঁচোর চাহিদা থাকার কারণে তার আর পেছনে তাকাতে হয়নি। এখন সে স্বাবলম্বী।

ক. জাতীয় উৎপাদনের কত ভাগ কৃষিখাত থেকে আসে? ১
খ. সব আত্মকর্মসংস্থান উদ্যোগ নয়' ব্যাখ্যা করো। ২
গ. নছিমুনের কাজটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. নছিমনের কেঁচো চাষের সিদ্ধান্ত কতটুকু সঠিক? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৮.** ▶ জনাব আরমান আলী এসএসসি পাস করছেন। তিনি চাকরির বিকল্প হিসেবে আত্মকর্মসংস্থানের কথা ভাবছেন। কারণ আত্মকর্মসংস্থানে নতুন কর্মসংস্থানের ব্যবস্থা হয় এবং অসীম আয়ের সম্ভাবনা তৈরি হয়। তিনি যুব উন্নয়ন থেকে মাছের পোনা চাষের ওপর প্রশিক্ষণ নিয়ে নিজেদের পুকুরে মাছের পোনা চাষ শুরু করলেন। বর্তমানে তিনি লাভের পরিমাণ দেখে সন্তুষ্ট। তাই তিনি আরও কিছু পুকুর ইজারা নেওয়ার কথা ভাবছেন।

ক. আত্মকর্মসংস্থান কাকে বলে? ১
খ. শিক্ষিত বেকার যুবকরা কেন আত্মকর্মসংস্থানের চিন্তা-ভাবনা করেন? ২
গ. বেশি সংখ্যক যুবক-যুবতীকে আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করার জন্য করণীয় কাজ কী? বর্ণনা করো। ৩
ঘ. "জনাব আরমান আলীর ব্যবসায় সম্প্রসারণের সিদ্ধান্ত যৌক্তিক" তোমার মতামত দাও। ৪

**৯.** ▶ বাবার অভাবের সংসারে বেশি পড়ালেখা করতে পারেননি গোলাপী। বাবাকে কীভাবে সাহায্য করা যায় সে চিন্তা থেকে ভর্তি হন একটি NGO তে সেলাই প্রশিক্ষণে। কিনেন একটি সেলাই মেশিন। বদলাতে শুরু করে তাদের জীবন চিত্র। ছোট ভাই-বোনদের ভালো স্কুলে পড়াচ্ছেন, থাকছেন পাকা ঘরে। ২০১৫ সালে জেলা পর্যায়ে শ্রেষ্ঠ জয়িতা নির্বাচিত হন।

ক. নট্রামসের প্রধান কাজ কী? ১
খ. "ঝুঁকি নিরূপণ ও তা মোকাবিলার উপায় নির্ধারণ ব্যবসায় সাফল্যের অন্যতম শর্ত" — ব্যাখ্যা করো। ২
গ. গোলাপীর কর্মসংস্থানের ধরন ব্যাখ্যা করো। ৩
ঘ. গোলাপী তরুণ বেকার নারীদের জন্য এক অনুকরণীয় চরিত্র" উক্তির সপক্ষে তোমার মতামত দাও। ৪

**১০.** ▶ মি. আজাদ বি.এ. পাস করার পর তার এলাকায় কিছু পরিত্যক্ত জলাশয়ে মৎস্য চাষ শুরু করেন। প্রথমে তার খামারে অনেক মাছ মারা যেত। কিন্তু এর কারণ তিনি জানতেন না। পরবর্তীতে প্রশিক্ষণ নিয়ে তিনি এ সমস্যার সমাধান করলেন। তার দেখাদেখি গ্রামের অনেক যুবক এ কাজে আত্মনিয়োগ করল। বর্তমানে তাদের গ্রামে বেকার যুবকের সংখ্যা খুবই কম এবং এটি একটি আদর্শ গ্রামে রূপান্তরিত হয়েছে।

ক. বেকারত্ব কী? ১
খ. আত্মকর্মসংস্থান কী? ব্যাখ্যা করো। ২
গ. মি. আজাদের মৎস্য খামার কী ধরনের কাজ? বর্ণনা করো। ৩
ঘ. মি. আজাদের কাজটি গ্রাম উন্নয়নে কতটুকু সহায়তা করেছে? যুক্তি দাও। ৪

**১১.** ▶ জনাব পিকলু এইচএসসি পাস করার তেমন ভালো ফল না পেয়ে সংসারের অভাব মেটাতে একটি প্লাস্টিক তৈরির কারখানায় কাজ নেয়। স্বল্প বেতন হওয়ায় এতে তার সংসার ভালোভাবে চলছিল না। অবশেষে অনেক চিন্তা করে তিনি নিজে ও তার পরিবারের দুইজনকে সঙ্গে নিয়ে একটি পাট জাতীয় শৌখিন দ্রব্য তৈরির কারখানা গড়ে তোলে। পরবর্তীতে নিজের দক্ষতা ও বুদ্ধিমত্তাকে কাজে লাগিয়ে প্রতিষ্ঠানটি আরও বড় করে এবং অনেক লোক তাকে দেখে ও ধরনের প্রতিষ্ঠান স্থাপনে আগ্রহী হয়। কঠোর পরিশ্রম ও সুযোগের সঠিক ব্যবহার করে জেলার সেরা পুরস্কার লাভ করে।

ক. কর্মসংস্থান কী? ১
খ. দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণের গুরুত্ব বর্ণনা করো। ২
গ. জনাব পিকলুর এ ধরনের কর্মপ্রচেষ্টাকে কী বলা যায়? বর্ণনা করো। ৩
ঘ. তোমার কি মনে হয় উল্লিখিত জনাব পিকলুর এ জাতীয় কাজ গুরুত্বপূর্ণ? যৌক্তিকতা তুলে ধরো। ৪

### উত্তরমালা: নিজেকে যাচাই করি

## সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | L | ৩ | K | ৪ | L | ৫ | L | ৬ | N | ৭ | N | ৮ | L | ৯ | K | ১০ | M | ১১ | N | ১২ | L | ১৩ | M | ১৪ | K | ১৫ | M |
| ১৬ | N | ১৭ | K | ১৮ | N | ১৯ | M | ২০ | M | ২১ | M | ২২ | L | ২৩ | N | ২৪ | L | ২৫ | L | ২৬ | M | ২৭ | K | ২৮ | K | ২৯ | L | ৩০ | L |